



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন
(সাধারণ শাখা)

ডিওএস সার্কুলার লেটার নং-০৫

তারিখ : ০৫-০২-১৪১৭ বঙ্গাব্দ
১৯-০৫-২০১০ খ্রিষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহের ২০১০ সালের ছুটির তালিকা সংশোধন প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংস্থাপন মন্ত্রণালয়, বিধি-৪ শাখা এর ২৫-০৪-২০১০ তারিখের স্মারক নং-০৫.১৭৩.০০৮.০৯.০০.০০১.২০১০-১৬২/১(৫০০) এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে হুবহু পুনঃ মুদ্রণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(কে.এম, গাওচুজ্জামান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৫০৪৩৭

(কপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.moestab.gov.bd

স্মারক নং-০৫.১৭৩.০০৮.০৯.০০.০০১.২০১০-১৬২

তারিখ : ১২ বৈশাখ, ১৪১৭ বঙ্গাব্দ
২৫ এপ্রিল, ২০১০ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

সংস্থাপন মন্ত্রণালয়ের ২৫ নভেম্বর, ২০০৯/১১ অগ্রহায়ণ, ১৪১৬ তারিখের সম(বিধি-৪)-ছুটি-৯/২০০৭-৪৫২ নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, হিন্দু ধর্মীয় কল্যান ট্রাস্ট ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের পরিপ্রেক্ষিতে চন্দ্রতিথি অনুসারে পূর্বে ঘোষিত শুভ জন্মাষ্টমী আগামী ১৫ আগস্ট, ২০১০/৩১ শ্রাবণ, ১৪১৭ তারিখ রোজ রবিবার এর পরিবর্তে শুভ জন্মাষ্টমী ০২ সেপ্টেম্বর, ২০১০ খ্রিষ্টাব্দ/১৮ ভাদ্র, ১৪১৭ বঙ্গাব্দ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশের সকল সরকারি ও আধা-সরকারি অফিস এবং স্বায়ত্তশাসিত ও আধা- স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহে সাধারণ ছুটি (পাবলিক হলিডে) পালন করা হবে।

০২। যে সকল অফিসের সময়সূচী ও ছুটি তাদের নিজস্ব আইন-কানুন দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে অথবা যে সকল অফিস, সংস্থা ও প্রতিষ্ঠানের চাকুরী সরকার কর্তৃক অত্যাবশ্যক চাকুরী (Essential Service) হিসেবে ঘোষণা করা হয়েছে সেক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস, সংস্থা ও প্রতিষ্ঠান নিজস্ব আইন-কানুন অনুযায়ী জনস্বার্থ বিবেচনা করে এ ছুটি ঘোষণা করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ/-

(আলী আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬০৮৪৯

dsregulation4@moestab.gov.bd

স্মারক নং-০৫.১৭৩.০০৮.০৯.০০.০০১.২০১০-১৬২/১(৫০০)

তারিখ : ১২ বৈশাখ, ১৪১৭ বঙ্গাব্দ
২৫ এপ্রিল, ২০১০ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ××× ××× ×××
- ৩। ××× ××× ×××
- ৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

স্বাক্ষর অস্পষ্ট

২৫/৪/১০

(আলী আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬০৮৪৯